



বাংলা ট্রিবিউন

২৫-০১-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বসন্তকালীন সেমিস্টারের নবীনবরণ

বাংলা ট্রিবিউন ডেস্ক

২৫ জানুয়ারি ২০২৪, ১৭:৩৯



নানা আয়োজনের মধ্য দিয়ে বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করে নিলো ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) রাজধানীর আকতাবনগরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে ১৩টি বিভাগ পৃথক অনুষ্ঠানের মাধ্যমে নিজ নিজ শিক্ষার্থীদের বরণ করে নেয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এবার বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে প্রায় ১ হাজার ৬০০ শিক্ষার্থীকে বরণ করা হলো। এসব অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম-কানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়।

অনুষ্ঠানে অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক, বিশ্ববিদ্যালয়ের ডিন এবং সাবেক শিক্ষার্থীরা।

অনুষ্ঠানে বক্তারা কঠোর অনুশীলনের মাধ্যমে শিক্ষা জীবনকে কাজে লাগিয়ে আগামীতে দেশকে এগিয়ে নেওয়ার জন্য তৈরি হতে নবীন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। সেই সঙ্গে অ্যাকাডেমিক শিক্ষার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সহশিক্ষা কার্যক্রমে সক্রিয় হয়ে মানবীয় গুণাবলীর ও উদ্ভাবনী ক্ষমতার বিকাশ ঘটানোরও তাগিদ দেন।